

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৮

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - উযূর নিয়ম-কানুন

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ وَابْنِ مَسْعُودٍ وَابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ تَوَضَّأً وَذَكَرَ اسْمَ اللَّهِ فَإِنَّهُ يُطَهِّرُ جَسَدَهُ كُلَّهُ وَمَنْ تَوَضَّأً وَلَمْ يَذْكُرِ اسْمَ الله لم يطهر إِلَّا مَوضِع الْوضنُوء»

বাংলা

৪২৮-[৩৮] আবূ হুরায়রাহ্ (রাঃ), ইবনু মাস্'উদ ও ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি উযূ করলো এবং 'বিস্মিল্লা-হ' (আল্লাহর নাম নিয়ে) পড়ে উযূ করলো, সে তাঁর গোটা শরীরকে (গুনাহ হতে) পবিত্র করল। আর যে ব্যক্তি উযূ (ওযু/ওজু/অজু) করলো অথচ 'বিস্মিল্লা-হ' বলল না, সে শুধু উযূর অঙ্গগুলোকে পবিত্র (পরিষ্কার) করল।[1]

ফুটনোট

[1] য'ঈফ: দারাকুত্বনী ১/৭৩-৭৪। আলবানী (রহঃ) বলেন, এটি মূলত তিনটি হাদীসের সমষ্টি ১ম টি উল্লেখিত শব্দে আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে যার সানাদে মিরদাস ইবনু মুহাম্মাদ ইবনু 'আবদুল্লাহ ইবনু আবৃ বুরদাহ্ রয়েছে ইমাম যাহাবী যাকে অপরিচিত হিসেবে উল্লেখ করেছেন। আর উযূতে 'বিস্মিল্লা-হ'' বলার ব্যাপারে তার হাদীস মুনকার।

২য়টি- ইবনু মাস্'উদ (রাঃ) হতে إِذَا تَطَهَّرَ أَحَدُكُمْ فَلْيَزْكُرِ السَّمَ اللهِ শব্দে মারফূ' সূত্রে বর্ণিত, যার সানাদে ইয়াহ্ইয়া ইবনু হাশিম নামে একজন মিথ্যুক বারী রয়েছে।

৩য়টি- ইবনু 'উমার (রাঃ) হতে مَنْ تَوَضَّأً فَزَكَرَ السُّمَ اللهِ عَلَى وُضُوْبًه শব্দে মারফূ' সূত্রে বর্ণিত, যার সানাদে আবূ বাকর 'আবদুল্লাহ ইবনু হাকীম আদ্ দাহিরী নামে একজন মিথ্যুক রাবী রয়েছে।

ব্যাখ্যা



ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত উযূর শুরুতে ''বিসমিল্লা-হ'' বলতে হবে। কেননা এটা পুরো শরীরকে পবিত্র করে গুনাহসমূহ থেকে। পবিত্র করে না শুধু উযূর নির্দিষ্ট স্থানের পাপসমূহ করে, অর্থাৎ-ছোট পাপরাশি। পরিপূর্ণ ও ফাযীলাত প্রাপ্তির উযূ (ওযু/ওজু/অজু) বিসমিল্লা-হ দ্বারাই শুরু করা বাঞ্ছনীয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন